

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ২০২২-২০২৩/২০২৩/১৪০

তারিখ: ২৮ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
১২ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের অনলাইন আবেদন সম্পর্কিত
জরুরি বিজ্ঞপ্তি


(সূত্র: স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৩/২৭৮৬ তারিখ: ১০/০৭/২০২৩)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপে অনলাইন আবেদন ১৩ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৩ জুলাই ২০২৩ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী (ক) মেধা তালিকায় স্থান পায়নি (খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি (গ) ১ম/২য়/কোটার মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ১ম রিলিজ স্লিপে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম/২য় মেধা তালিকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থী ১ম রিলিজ স্লিপে আবেদন করতে ইচ্ছুক হলে, তাকে অবশ্যই ১৯ জুলাই ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এর Prospectus (Honours)/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপে অনলাইন আবেদনের তারিখ: ক) রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection Option এ গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ে শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারীকে পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে হবে। গ) আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে জিফট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং কোন ফি প্রদান করতে হবে না। ঘ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃক রিলিজ স্লিপের আবেদন অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	১৩/০৭/২০২৩ থেকে ২৩/০৭/২০২৩


প্রতিস্বাক্ষর


০২/০৭/২০২৩

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


(মো. লাল মিথুন)

আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি ভর্তি কমিটি ২০২২-২০২৩

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
- বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
- অফিস কপি